# Initial Environmental Examination

Project Number: 55040-001
September 2023

# Bangladesh: Dhaka Power System Expansion and Strengthening Project

## Appendix VI Part 2 of 3

Prepared by Ministry of Power, Energy and Mineral Resources for the Asian Development Bank.

This initial environmental examination is a document of the borrower. The views expressed herein do not necessarily represent those of ADB's Board of Directors, Management, or staff, and may be preliminary in nature. Your attention is directed to the "terms of use" section on ADB's website.

In preparing any country program or strategy, financing any project, or by making any designation of or reference to a particular territory or geographic area in this document, the Asian Development Bank does not intend to make any judgments as to the legal or other status of any territory or area.

শেখ হাসিনার উদ্যোগ

DESCO
POWER IS YOURS
২২/বি, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স : +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.gov.bd, www.desco.org.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০৬.২১. ৩৯৯

তারিখঃ ফাল্গুন ৫, ১৪২৭
February 18, 2021

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা

বিষয়ঃ মিরপুর ৯ নং সেকশনে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এর অধীনে স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণের লক্ষ্যে ডেসকো'র অনুকূলে হস্তান্তরিত ২৪.৪৪ কাঠা জমির জন্য MoU সম্পাদন বা বরাদ্দপত্র প্রদান।

সূত্রঃ ১। স্মারক নং-জাগৃক/ইম/০৬, তারিখঃ ১৯/০৭/২০১৭ খ্রিঃ
২। স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০০৫.১৭.৩০৮৩, তারিখঃ December 12, 2017
৩। স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০৮৩.১৯.১৬৩১(১), তারিখঃ May 29, 2019
৪। স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০৭৮.১৯.২৭৬৬, তারিখঃ October 23, 2019

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, মিরপুর ৯ নং সেকশনস্থ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের স্বপ্ননগর আবাসিক প্রকল্পে বিদ্যুতের চাহিদার প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এবং ডেসকো'র ঊর্ধ্বতন কর্মকর্তাদের মধ্যে একটি যৌথ সভা স্বপ্ননগর এর প্রকল্প অফিসে অনুষ্ঠিত হয়। সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণের জন্য জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ (জাগৃক) ডেসকো'র অনুকূলে ২৪.৪৪ কাঠা জমি বরাদ্দ প্রদান করবে এবং ডেসকো নিজস্ব অর্থায়নে উক্ত জমিতে বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ করবে। একই দিনে জাগৃক এর সদস্য (প্রকৌশল) এর উপস্থিতিতে ডেসকো ও জাগৃক এর কর্মকর্তাগণ কর্তৃক চিহ্নিত জমিটি পরিমাপ করা হয়।

সভার সিদ্ধান্ত মোতাবেক উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জমিটি পুনরায় গত ১৪/১১/২০১৭ তারিখে পরিমাপ করেন এবং জাগৃক এর পক্ষ হতে প্রস্তুতকৃত কলমি নকশায় উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের স্বাক্ষরসহ ২৪.৪৪ কাঠা জমি ডেসকোকে বুঝিয়ে দেয়া হয়। পরবর্তীতে জমিটিতে ১৩২/৩৩/১১ কেভি গ্রিড সাবস্টেশন নির্মাণ করার লক্ষ্যে ডেসকো কর্তৃক সীমানা প্রাচীর নির্মাণ করা হয়।

এতদপ্রেক্ষিতে, জমিটি ডেসকো'র অনুকূলে হস্তান্তর করার জন্য MoU সম্পাদন বা বরাদ্দ প্রদানের নিমিত্ত ডেসকো'র পক্ষ হতে চেয়ারম্যান জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ বরাবর বিভিন্ন সময়ে সূত্রস্থ পত্রসমূহ প্রদান করা হলেও অদ্যাবধি কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি। উল্লেখ্য যে, বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণ ব্যতিরেকে স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে না।

বর্ণিত প্রেক্ষাপটে স্বপ্ননগর আবাসিক প্রকল্পে বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ১৩২/৩৩/১১ কেভি গ্রিড সাবস্টেশন নির্মাণের জন্য যৌথ সভার সিদ্ধান্তের আলোকে জরুরি ভিত্তিতে ২৪.৪৪ কাঠা জমির MoU সম্পাদন বা ডেসকো'র অনুকূলে বরাদ্দ প্রদানপূর্বক রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোঃ কাওসার আমির আলী
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ- কার্যার্থেঃ
সদস্য (প্রকৌশল), জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।

অনুলিপিঃ অবগতির জন্য।
১। নির্বাহী পরিচালক (এইচ.আর/অর্থ ও হিসাব/প্রকৌশল), ডেসকো।
২। প্রধান প্রকৌশলী (ডি এন্ড পি/পি এন্ড ডি), ডেসকো।
৩। কোম্পানি সচিব, ডেসকো।
৪। ব্যবস্থাপক (এস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স), ডেসকো।
৫। নির্বাহী প্রকৌশলী, ঢাকা সার্কেল-১, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, মিরপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
৭। অফিস কপি।

POWER IS YOURS

ECTRIC SUPPLY COMPANY LIMITED

22/B, Faruk Sarani, Nikunja-2, Khilkhet,
Dhaka-1229, Bangladesh.
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
E-mail : info@desco.org.bd; mddesco@desco.org.bd
Website : www.desco.org.bd

নং-২৭.২৬.০০০০.০১৫.৯৯.০০৫.১৭.৯০৮৩ | তারিখঃ অগ্রহায়ণ ২৮, ১৪২৪ / December 12, 2017

...রম্যান
...ীয় গৃহায়ন কর্তৃপক্ষ
...গুনবাগিচা, ঢাকা।

...ঃ মিরপুর ৯ নং সেকশনে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর গৃহীত স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় ২৩ কাঠা জায়গার
বরাদ্দ প্রদান।
...ঃ জাগৃক/প্রকৌঃ/৩৬, তারিখঃ ১৯-৭-২০১৭।

...যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় ...দ্যুতিক অবকাঠামো নির্মাণের লক্ষ্যে জমি বরাদ্দ ও হস্তান্তরের বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এবং ডেসকো'র উর্ধ্বতন ...কর্তাদের মধ্যে একটি যৌথ সভা স্বপ্ননগর-১ এর প্রকল্প অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর ...্য সদস্য (প্রকৌশল) এর নেতৃত্বে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং ডেসকো'র প্রধান প্রকৌশলী ...এন্ড ডি) এর নেতৃত্বে ডেসকো'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় আলোচনান্তে উভয় পক্ষ সাব-স্টেশন ...র্মাণের জন্য ২৩ কাঠা জমি পরিদর্শনপূর্বক ডেসকো'র নিকট জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ ও হস্তান্তর করার ...দ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর কর্মকর্তাগণ ১৪/১১/১৭ তারিখে সরেজমিনে ...সকো'র প্রতিনিধিদেরকে সাথে নিয়ে চিহ্নিত জমি পরিমাপকালে জমির প্রকৃত পরিমাণ পাওয়া যায় ২৪.৪৪ কাঠা। উভয় ...তিষ্ঠানের কর্মকর্তাগণ পরিমাপকৃত জমিটির চৌহদ্দী চিহ্নিত করে একটি হাতনকশা প্রস্তুতপূর্বক উভয় প্রতিষ্ঠানের ...র্মকর্তাগণ উক্ত নকশায় স্বাক্ষর করেন (কপি সংযুক্ত)।

...মতাবস্থায়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণের লক্ষ্যে পরিমাপকৃত ২৪.৪৪ ...ঠা জমি ডেসকো'র অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(স্বাক্ষরিত)

...্রিঃ জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অবঃ)
...্যবস্থাপনা পরিচালক

অনুলিপিঃ অবগতির জন্য।
১। সদস্য (প্রকৌশল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
২। নির্বাহী পরিচালক (এইচ.আর/সংগ্রহ/অর্থ ও হিসাব/অপারেশন/প্রকৌশল), ডেসকো।
৩। প্রধান প্রকৌশলী (ডি এন্ড পি/পি এন্ড ডি)।
৪। কোম্পানি সচিব, ডেসকো।
৫। ব্যবস্থাপক (এস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স), ডেসকো।
৬। নির্বাহী প্রকৌশলী, ঢাকা সার্কেল-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর।
৭। নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
৮। অফিস কপি।

DESCO
POWER IS YOURS
ISO 9001 : 2008 Certified
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩
ফ্যাক্স ঃ +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.org.bd

শেখ হাসিনার উদ্যোগ

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০৭৮.১৯.2965

তারিখঃ কার্তিক ৮, ১৪২৬
October 23, 2019

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ
৮২ সেগুনবাগিচা, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ সদস্য (প্রকৌশল), জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ।

**বিষয়ঃ মিরপুর ৯ নং সেকশনে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এর অধীনে স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় উপকেন্দ্র ও বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণের লক্ষ্যে চূড়ান্ত বরাদ্দপত্র প্রদানের নিমিত্ত সমঝোতা স্মারকের খসড়া কপি প্রেরণ।**

সূত্রঃ
১। স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০৪৬.১৯.১৬৩১ (১), Dated: May 29, 2019.
২। স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০০৫.১৭.৩০৮৩, Dated: December 12, 2017
৩। জাগৃক/ই/এম/০৬, তারিখ- ১৯/০৭/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেসকো ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের মধ্যে ১৪/১০/২০১৭ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে স্বপ্ন নগর হাউজিং এ ফ্ল্যাট নির্মাণ প্রকল্পে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বিনামূল্যে প্রদানকৃত জমিতে ডেসকো একটি উপকেন্দ্র নির্মাণ করবে। উক্ত উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে জমিটির চূড়ান্ত বরাদ্দপত্র প্রদানের জন্য ডেসকো ১২-১২-২০১৭ এবং ২৯-০৫-২০১৯ তারিখে পত্র মারফত জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষকে অনুরোধ জানায় (কপি সংযুক্ত)। এইপ্রেক্ষিতে আপনার দপ্তরের কর্মকর্তাগণ চূড়ান্ত বরাদ্দপত্র প্রদানের জন্য একটি MoU প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে একটি খসড়া MoU প্রস্তুত করা হয়েছে, যা এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, উপকেন্দ্র নির্মাণের জন্য ডেসকো বরাবরে চূড়ান্ত বরাদ্দ পত্র প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**ব্রিঃ জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অবঃ)**
ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তি- বর্ণনামোতাবেক।

অনুলিপিঃ অবগতির জন্য।
১। সদস্য (প্রকৌশল), জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
২। নির্বাহী পরিচালক (এইচ.আর/অর্থ ও হিসাব/প্রকৌশল), ডেসকো।
৩। প্রধান প্রকৌশলী (ডি এন্ড পি/পি এন্ড ডি)।
৪। কোম্পানি সচিব, ডেসকো।
৫। ব্যবস্থাপক (এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স), ডেসকো।
৬। নির্বাহী প্রকৌশলী, ঢাকা সার্কেল-১, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, মিরপুর।
৭। নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
৮। অফিস কপি।

DESCO
POWER IS YOURS
ISO 9001 : 2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LIMITED

22/B, Faruk Sarani, Nikunja-2, Khilkhet,
Dhaka-1229, Bangladesh.
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
E-mail : info@desco.org.bd, mddesco@desco.org.bd
Website : www.desco.org.bd

শেখ হাসিনার উদ্যোগ

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০৪৬.১৯.৯৮৬৯(১)

তারিখঃ জ্যৈষ্ঠ ১৫, ১৪২৬
May 29, 2019

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ সদস্য (প্রকৌশল), জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ।

**বিষয়ঃ মিরপুর ৯ নং সেকশনে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এর অধীনে স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণের লক্ষ্যে পরিমাপকৃত ২৪.৪৪ কাঠা জায়গার বরাদ্দ প্রদান।**

সূত্র : ১। স্মারক নং-জাগৃক/ইন/০৬, তারিখঃ ১৯/০৭/২০১৭ খ্রিঃ
২। স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০০৫.১৭.৩০৮৩, তারিখঃ December 12, 2017

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, মিরপুর ৯ নং সেকশনস্থ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের স্বপ্ননগর আবাসিক প্রকল্পে বিদ্যুতের চাহিদার প্রেক্ষিতে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এবং ডেসকো'র ঊর্ধ্বতন কর্মকর্তাদের মধ্যে একটি যৌথ সভা স্বপ্ননগর এর প্রকল্প অফিসে অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণের জন্য জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ ডেসকো'র অনুকূলে ২৪ কাঠা জমি বরাদ্দ প্রদান করবে এবং ডেসকো নিজস্ব অর্থায়নে উক্ত জমিতে বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণ করবে। এই প্রেক্ষিতে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ ও ডেসকো'র কর্মকর্তাগণ গত ১৪/১১/১৭ তারিখে উপকেন্দ্র নির্মাণের জন্য চিহ্নিত জমি পরিমাপ করেন এবং পরিমাপকৃত ২৪.৪৪ কাঠা জমির ১টি কলমি নক্সা প্রস্তুত করা হয়।

তদপ্রেক্ষিতে, ডেসকো'র অনুকূলে বর্ণিত জমি বরাদ্দ প্রদানের জন্য ১২/১২/২০১৭ তারিখে ডেসকো'র পক্ষ হতে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদান করা হয়েছে। জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ কর্তৃক জমি বরাদ্দের জন্য অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। উল্লেখ করা যাচ্ছে যে, বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণ ব্যতিরেকে স্বপ্ননগর আবাসিক প্রকল্প এলাকায় চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে না।

বর্ণিত প্রেক্ষাপটে স্বপ্ননগর আবাসিক প্রকল্পের ১ম ও ২য় ফেজে বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণের জন্য যৌথ সভার সিদ্ধান্তের আলোকে জরুরি ভিত্তিতে ২৪.৪৪ কাঠা জমিটি ডেসকো'র অনুকূলে বরাদ্দ ও হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।

(স্বাক্ষর)

**ব্রিঃ জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অবঃ)**
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপিঃ অবগতির জন্য।
১। সদস্য (প্রকৌশল), জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
২। নির্বাহী পরিচালক (এইচ.আর/অর্থ ও হিসাব/প্রকৌশল), ডেসকো।
৩। প্রধান প্রকৌশলী (ডি এন্ড পি/পি এন্ড ডি)।
৪। কোম্পানি সচিব, ডেসকো।
৫। ব্যবস্থাপক (এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স), ডেসকো।
৬। নির্বাহী প্রকৌশলী, ঢাকা সার্কেল-১, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, মিরপুর।
৭। নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
৮। অফিস কপি।

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

Dhaka-1213, Bangladesh.
Phone: +8802 8860341, +8802 8859641
Fax: +8802 8854648
email: info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd

এপ্রিল ২৪, ২০১১ইং
স্মারক নং-ডেসকো/পিএন্ডডি/২০১১/

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
সেগুন বাগিচা
ঢাকা।

Fax 9562618

বিষয়ঃ মিরপুরস্থ ৯নং সেকশনে স্বপ্ননগর আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পে ৫২ থেকে ৬০ মেঃওঃ বৈদ্যুতিক লোড সরবরাহের আবেদন প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের [illegible] নং ডিডি-৫৫৭, তাং-২৪-০৩-২০১১ইং।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যুতের মূল্যহার ও নিয়মাবলী অনুযায়ী চুক্তিবদ্ধ লোড ১৫ মেগাওয়াট এর উপরে হলে ১৩২ কেভি লেভেলে সংযোগ গ্রহণ করা আবশ্যক। সেই মোতাবেক আপনাদের চাহিদাকৃত বৈদ্যুতিক লোড ৫২ থেকে ৬০ মেগাওয়াট হওয়ায় ১৩২ কেভি লেভেলে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করতে হবে। এতদ্বিষয়ে উল্লেখ্য যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রদত্ত লাইসেন্স অনুযায়ী ডেসকো ৩৩ কেভি লেভেল পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ ও অবকাঠামোগত উন্নয়ন কাজ করে থাকে। ইহা ছাড়া ডেসকোর আওতায় কোন ১৩২ কেভি লাইন নেই।

আবেদিত (৫২-৬০) মেঃওঃ লোড সরবরাহের লক্ষ্যে বর্ণিত স্থাপনায় প্রধান সড়কের পাশে একটি ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্রের জন্য ৩ (তিন) বিঘা ও একটি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের জন্য ১ (এক) বিঘা জায়গার সংস্থান রাখা প্রয়োজন। তাছাড়া গ্রীড উপকেন্দ্র, ৩৩/১১ কেভি উপকেন্দ্র ও ১৩২ কেভি সোর্স লাইন নির্মাণসহ যাবতীয় বৈদ্যুতিক অবকাঠামো নির্মাণ ডিপোজিট স্কীমের আওতায় ব্যয় পরিশোধ সাপেক্ষে বাস্তবায়ন করা হবে। এছাড়া (৫২-৬০) মেঃওঃ বৈদ্যুতিক লোড কোন সময় হতে প্রয়োজন হবে তাও উল্লেখ করা প্রয়োজন।


এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে মতামত ও আহুত তথ্যাবলী প্রদানের পরে বর্ণিত স্থাপনায় ভবিষ্যতে বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা গ্রহণ করে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পর্কে পরবর্তীতে অবহিত করা হবে।

এতদ্বিষয়ে আপনার সহযোগিতা কামনা করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

(প্রকৌঃ শাহ্ আলম)
মহাব্যবস্থাপক (পিএন্ডডি), ভারপ্রাপ্ত

অনুলিপিঃ
১। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
২। পরিচালক (অপারেশন), ডেসকো।
৩। উপ-মহাব্যবস্থাপক, এনওএন্ডডি অপারেশন, মিরপুর জোন।
৪। ব্যবস্থাপক, [illegible] বিভাগ, পল্লবী।




অদ্য ১৪/১০/২০১৭ ইং তারিখে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের
প্রতিনিধি ও ডেসকোর প্রতিনিধির সমন্বয়ে বিদ্যুৎ বিভাগকে (ডেসকো)
কে ১৬০'-০" × ১১০'-০" = ১৭৬০০.০০ বর্গফুট বা ২৪.৪৪ কাঠার
জায়গা হস্তান্তর এর জন্য প্রদান/গ্রহণ করা হলো।
পরবর্তীতে স্থায়ীভাবে দখলের নিমিত্তে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের
~~প্রচলিত কার্যক্রমের মত বিধি অনুযায়ী যাবতীয় ব্যবস্থা গ্রহণ~~
করা হবে।

১৪/১০/১৭

১৪/১০/১৭

14-10-2017
Manager(ESL)
DESCO

14.11.2017
XEN(R&D), DESCO

# Mayer Dua Real Estate
## & Construction Ltd.

Office: Holding # 28, Shataish Chawrasta Tongi, Gazipur City, Gazipur
Mob: 01713-038110, 01973-038110

বরাবর,
ব্যবস্থাপক,
এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স।
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড।
২২/২, ফারুক সরণী, নিকুঞ্জ -২, খিলক্ষেত, ঢাকা

DESCO ADMINISTRATION
Received No 7886
Date 21/7/19

এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স প্রশাসন বিভাগ ডেসকো। প্রাপ্তি নং 923 তারিখ 22/7/19

**বিষয়ঃ- ১৩২/৩৩/১১ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মান এর লক্ষে ১ বিঘা জমি রেজিস্ট্রি প্রসঙ্গে।**
সূত্র:২৭.২০.০০০০.৬৯.৯৯.৬৩.১৯.১২৬

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ কামরুজ্জামান মায়ের দোয়া রিয়েল এস্টেট কনস্ট্রাকশন লিঃ এর চেয়ারম্যান, আমার সাথে ডেসকোর কর্মকর্তাদের সাথে আলোচনার প্রেক্ষিতে অতি সত্যয় এক বিঘা জমি বিনা মূল্যে উপকেন্দ্র নির্মাণ এর জন্যে ডেসকোর নামে দিতে সম্মত হই, ততপ্রেক্ষিতে আমাকে সূত্র মূলে এক খানা পত্র দেওয়া হয়। আমি আগামী ৩০/০৭/২০১৯ ইং তারিখের মধ্যে যে কোনদিন রেজিস্ট্রি করে দিতে রাজি আছি এবং রেজিস্ট্রি বাবদ যাবতীয় খরচ ডেসকোকে বহন করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায় উলেখিত বিষয়টি সু-বিবেচনা করিয়া পরবর্তী ব্যবস্থা করার জন্য হুজুরের সু-মর্জি কামনা করিতেছি।

নিবেদক-

MANAGING DIRECTOR
MAYER DOYA REAL ESTATE
AND CONSTRUCTIONS LTD.

মোঃ কামরুজ্জামান
মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ
রাজনগর, সাতাইশ, টঙ্গী, গাজীপুর

M.R.C.L
# Mayer Dua Real Estate & Construction Ltd.
Office: Holding # 28, Shataish Chawrasta Tongi, Gazipur City, Gazipur
Mob: 01713-038110, 01973-038110

এস্টেট এন্ড লিগ্যাল অ্যাফেয়ার্স প্রশাসন বিভাগ ডেসকো। এন্ট্রি নং ৪৯৫ তারিখ ৫.১২.১৯ স্বাক্ষর

তারিখঃ
বরাবর,
ম্যানাজার,
লিগ্যাল এন্ড এস্টেট
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ
নিকুঞ্জ,ঢাকা।

বিষয় ঃ ১৩২/৩৩/১১ কেভি গ্রীড সাবষ্টেশন নির্মাণে জমি প্রদান প্রসঙ্গে।

জনাব,
বিনীত নিবেদন এই যে,আমি মোঃ কামরুজ্জামন ,ব্যাবস্থাপনা পরিচালক-মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কন্সট্রাকশন লিঃ। আমাকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে আমার প্রকল্পে ১৩২/৩৩/১১ কেভি গ্রীড সাবষ্টেশন নির্মাণের জন্য ২ বিঘা জমি বিনামূল্যে ডেসকো কে রেজিষ্ট্রি করে দিতে বলা হয়। আমি সেই লক্ষে ডেসকো কর্তৃপক্ষের সাথে একাধিক বার আলোচনা করে ৩৬ শতাংশ জমি আমি নিজে ও ৩০ শতাংশ ১নং খতিয়ানের জমি সহ মোট ৬৬ শতাংশ জমি দিতে সম্মত হই। বর্তমানে আমি আমার নিজ মালিকানাধিন জমি রেজিষ্ট্রি দিব ২০ শতাংশ এবং আমার বায়নাকৃত জমি ১৬ শতাংশ সরাসরি মূলমালিকের মাধ্যমে রেজিষ্ট্রি করে দেওয়া হবে।

অতএব,উক্ত বিষয়টি দ্রুত ব্যাবস্থা নেবার জন্য হুজুরের নিকট আবেদন করছি।

বিনীত

মো: কামরুজ্জামান
ব্যাবস্থাপনা পরিচালক,
মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কন্সট্রাকশন লিঃ
৪০/১ রাজনগর,সাতাইশ,টঙ্গী,গাজীপুর।

# MAYERDOYA REAL ESTATE & CONSTRUCTIONS LTD.

M.R.C.L

Office: 40/6, Mayerdoya road, Shataish, Rajnagar, Tongi West, Gazipur City, Gazipur.
E-mail: sajalmahmud72049@gmail.com


তারিখঃ৩০/৬/২০২১ ইং।

AM (ESU) Pls. put up 08-7-2021

ব্যবস্থাপক
এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি ( ডেসকো) লিমিটেড।
নিকুঞ্জ-২ খিলক্ষেত,ঢাকা-১২২৯।

**বিষয়ঃ মায়ের দোয়া রিয়েল এস্টেট লিঃ কর্তৃক রাজনগর টঙ্গী,গাজীপুর এ ডেসকোর ১৩২/৩৩/১১ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে দাড়াইল মৌজায় ০২(দুই)বিঘা জমি (নিষ্কন্টক) বাস্তব দখল বুঝিয়ে দেয়া প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,গাজীপুর জেলাস্থ টঙ্গীর সাতাইশ মৌজার রাজনগর ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার ডেসকো কর্তৃক ১৩২/৩৩/১১ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মাণের লক্ষে আপনাদের পত্রের প্রেক্ষিতে ০২(দুই) বিঘা জমি প্রদানে সম্মত হয়ে ডেসকোতে পত্র প্রেরণ করি। আমার পত্রের প্রেক্ষিতে আপনারা আমার প্রস্তাবিত ০২(দুই)বিঘা জমিটি পরিদর্শন করেন। প্রস্তাবিত জমির মধ্যে কিছু জমি সরকারের খাঁস জমি থাকায় জমিটি হস্তান্তর করা সম্ভব হয়নি। পরবর্তীতে আরো কয়েকটি জমি পরিদর্শন করা হলেও জমির দলিল-দস্তাবেজের কিছুটা সমস্যা থাকায় হস্তান্তর করা হয়নি।

আলোচ্য প্রেক্ষাপটে মোসাঃ মোমেলা খাতুন,স্বামী-মোশারফ হোসেন ,সাং-মান্ডা,থানা-সবুজবাগ,ঢাকা এর মালিকানাধীন ৪১ শতাংশ এবং আমার ব্যবসায়িক অংশীদার জনাব শহীদ রেজা ব্যবস্থাপনা পরিচালক এম,এ,ওহাব এন্ড সন্স (রিয়েল এস্টেট)লিঃ এর মালিকানাধীন ২৫ শতাংশ সর্বমোট (৪১+২৫)=৬৬ শতাংশ বা ২ বিঘা জমি নিম্ন তফসিল ভূক্ত আমাদের প্রকল্পের জমি উভয় মালিকদ্বয়ের মাধ্যমে বাস্তব দখল হস্তান্তর পূর্বক রেজিষ্ট্রি করে দিতে সম্মত আছি।

এমতাবস্থায়,বিষয়টির গুরুত্ব বিবেচনায় প্রস্তাবিত ০২ (দুই)বিঘা নিষ্কন্টক জমি রেজিষ্ট্রি সম্পাদনের পূর্বে জমির বাস্তব দখল গ্রহন করার জন্য দলিলাদিসহ সিএস হতে সর্বশেষ নামজারী খতিয়ান পর্যন্ত মালিকানার ধারাবাহিক বিবরন (Chain of Title) প্রস্তুত পূর্বক অত্রসাথ সংযুক্ত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বিনীত অনুরোধ করা হলো।

<u>৬৬.০০ শতাংশ বা ০২(দুই) বিঘা জমির তফসিল ঃ</u>

জেলাঃগাজীপুর,থানাঃ টঙ্গী পশ্চিম,মৌজাঃ দাড়াইল। জে,এল নংঃ সাবেক-১২১নং ,হালে-৩২ নং ।
খতিয়ান নং-এস,এ- ৬৭,আর,এস-৩৮নং জোত নং-১০৭।দাগ নংঃ এস,এ-১৯৩,আর,এস-১২৫ জমি,৪১ শতাংশ
খতিয়ান নং-এস,এ- ৬৭,আর,এস-৩৮নংজোত নং-১০৮৮দাগ নংঃ এস,এ-২০৩,আর,এস-১২৬ জমি, ৩ শতাংশ
খতিয়ান নং-এস,এ- ২৩,আর,এস-৮৭নং জোত নং-১০৮৭।দাগ নংঃ এস,এ-২০৪,আর,এস-১২৭ জমি, ১২শতাংশ
খতিয়ান নং-এস,এ- ৩৪,আর,এস-৮৬নং জোত নং-১০৮৫ ।দাগ নংঃ এস,এ-১৯২,আর,এস-১২০ জমি, ১০ শতাংশ
একুনে ৪(চার) টি দাগের কাতে মোট জমি ৬৬ শতাংশ বা ২ (দুই)বিঘা জমি।

নিবেদক-

মোঃ কামরুজ্জামান
মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কন্সট্রাকশন লিঃ
রাজনগর,সাতাইশ,টঙ্গী,গাজীপুর।

# MAYERDOYA REAL ESTATE & CONSTRUCTIONS LTD.

Office: 40/6, Mayerdoya road, Shataish, Rajnagar, Tongi West, Gazipur City, Gazipur.
E-mail: sajalmahmud72049@gmail.com


# দখল হস্তান্তর পত্র

তারিখ-১৮/৭/২০২১ইং ।

দখল হস্তান্তরকারী ঃ মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কন্সট্রাকশন লিঃ
ঠিকানা ঃ রাজনগর,সাতাইশ,টঙ্গী,গাজীপুর।


দখল গ্রহিতা ঃ ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি ( ডেসকো) লিমিটেড।

ঠিকানা ঃ ২২/বি,ফারুক সরণি,নিকুঞ্জ-২,খিলক্ষেত,ঢাকা-১২২৯।

গাজীপুর জেলাস্থ টঙ্গীর সাতাইশ মৌজার রাজনগর ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার ডেসকো কর্তৃক ১৩২/৩৩/১১ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মাণের লক্ষে দাড়াইল মৌজায় ডেসকোর অনুকূলে হস্তান্তরিত ৬৬.০০ শতাংশ বা ২(দুই) বিঘা জমির তফসিল নিম্নরুপ ঃ

## ৬৬.০০ শতাংশ বা ০২(দুই) বিঘা জমির তফসিল ঃ

জেলাঃগাজীপুর,থানাঃ টঙ্গী পশ্চিম,মৌজাঃ দাড়াইল। জে,এল নংঃ সাবেক-১২১নং ,হালে-৩২ নং ।
খতিয়ান নং-এস,এ- ৬৭,আর,এস-৩৮নং জোত নং-১০৭।দাগ নংঃ এস,এ-১৯৩,আর,এস-১২৫ জমি,৪১ শতাংশ
খতিয়ান নং-এস,এ- ৬৭,আর,এস-৩৮নংজোত নং-১০৮৪দাগ নংঃ এস,এ-২০৩,আর,এস-১২৬ জমি, ৩ শতাংশ
খতিয়ান নং-এস,এ- ২৩,আর,এস-৮৭নং জোত নং-১০৮৭।দাগ নংঃ এস,এ-২০৪,আর,এস-১২৭ জমি, ১২শতাংশ
খতিয়ান নং-এস,এ- ৩৪,আর,এস-৮৬নং জোত নং-১০৮৫ ।দাগ নংঃ এস,এ-১৯২,আর,এস-১২০ জমি, ১০ শতাংশ
একুনে ৪(চার) টি দাগের কাতে মোট জমি ৬৬ শতাংশ বা ২ (দুই)বিঘা জমি।




হস্তান্তরকারীর স্বাক্ষর:

১.

২. Shahid

৩.

দখল গ্রহনকারীর স্বাক্ষর:

১. SE P&D DESCO
Md. Nazrul Islam

২. (Md. Nazem uddin)
Manager (EPC), DESCO.

৩. Engr. Md. Raihan Arefin
Executive Engineer, Tongi [illegible]

৪. [illegible] AM (EBL)

স্বাক্ষী:

১. মোঃ মমতাজ উদ্দিন
সাং [illegible] গাজীপুর

২. মোঃ আমিনুল ইসলাম সরকার
সাং. সাতাইশ, রাজনগর, টঙ্গী

৩. মোঃ আব্দুল হাই
সাং:- সাতাইশ, টঙ্গী পশ্চিম
গাজীপুর।

পিএন্ডডি, ডেসকো।
তারিখ- ২৮/৭/২০২১

বিষয়ঃ ডেসকো কর্তৃক ১৩২/৩৩/১১ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক টঙ্গীর দারাইল মৌজায় প্রস্তাবিত ২ বিঘা জমি ডেসকো'র নামে বিনামূল্যে রেজিস্ট্রির পূর্বে জমির দলিল-দস্তাবেজ সংগ্রহ/যাচাই পূর্বক বাস্তব দখল নিশ্চিতকরণের জন্য গঠিত কমিটির প্রতিবেদন।

সূত্র ১) ডেসকো'র স্মারক নং ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০৭.২০.২৭৩, তারিখঃ ৮/৭/২০১৯।
২) মায়ের দোয়া রিয়েল এ্যাস্টেট এন্ড কন্সট্রাকশন লিঃ কর্তৃক প্রেরিত পত্র, তারিখ- ২১/৭/২০১৯।
৩) মায়ের দোয়া রিয়েল এ্যাস্টেট এন্ড কন্সট্রাকশন লিঃ কর্তৃক প্রেরিত পত্র, তারিখ- ৫/১২/২০১৯।
৪) ডেসকো'র স্মারক নং ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০৭.২০.২৭৩, তারিখঃ ০৯/৮/২০২০।
৫) ডেসকো'র স্মারক নং ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০৯.২০.২৯৩, তারিখঃ ১৯/৮/২০২০।
৬) ডেসকো'র স্মারক নং ২৭.২৪.০০০০.১৮.৩১.০০১.২০.৭৫৯, তারিখঃ ১১/৮/২০২০।
৭) ডেসকো'র স্মারক নং ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০৯.২০.৩৪৬, তারিখঃ ২০/৯/২০২০।
৮) ডেসকো'র স্মারক নং ২৭.২৪.০০০০.১৮.৩১.০০১.২০.৭৫৯, তারিখঃ ১/১১/২০২০।
৯) ডেসকো'র স্মারক নং ২৭.২৪.০০০০.১৮.৩১.০০১.২০.১৩৫৩, তারিখঃ ২২/১২/২০২০।
১০) ডেসকো'র স্মারক নং ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.১৪২, তারিখঃ ৩১/১/২০২১।
১১) মায়ের দোয়া রিয়েল এ্যাস্টেট এন্ড কন্সট্রাকশন লিঃ কর্তৃক প্রেরিত পত্র, তারিখ-১৯/৫/২০২১।
১২) মায়ের দোয়া রিয়েল এ্যাস্টেট এন্ড কন্সট্রাকশন লিঃ কর্তৃক প্রেরিত পত্র, তারিখ-৩০/৬/২০২১।

পটভূমিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার টংগীর সাতাইশ মৌজার রাজনগরে প্রায় ৬০০ বিঘার উপর একটি ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ কর্তৃক নির্মাণাধীন রয়েছে। উক্ত ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় ১৩২/৩৩/১১ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ডেসকোকে ০২ (দুই) বিঘা জমি প্রদানে সম্মত হন। আলোচ্য ০২ (দুই) বিঘা জমির মধ্যে তিনি বিনামূল্যে তাঁর আমমোক্তারমূলে মালিকানাধীন ২০.০০ (বিশ) শতাংশ জমি এবং বাকী ১৬.০০ (ষোল) শতাংশ বায়নাকৃত জমি মূল মালিক হতে সরাসরি ডেসকোকে রেজিস্ট্রি করে দিবেন মর্মে পত্র মারফত অবহিত করেন। অবশিষ্ট ৩০.০০ (ত্রিশ) শতাংশ জমি পরবর্তীতে সরকারী খাস জমি হতে ইজারা গ্রহণের মাধ্যমে ডেসকোকে প্রদান করবেন বলে বর্ণিত পত্রে ডেসকোকে আশ্বস্থ করেন। আলোচ্য (২০.০০+১৬.০০+৩০.০০) = ৬৬.০০ শতাংশ বা ০২ (দুই) বিঘা জমি ডেসকো'র নামে রেজিস্ট্রির পূর্বে দলিল দাতা/হস্তান্তরকারীর প্রস্তাব অনুযায়ী সংশ্লিষ্ট জমির দলিল-দস্তাবেজ সংগ্রহ/যাচাই করে সে মোতাবেক বাস্তব দখল নিশ্চিতকরণের লক্ষ্যে ৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।

২। কমিটির সদস্যবৃন্দঃ

ক) প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিএন্ডডি বিভাগ - আহ্বায়ক

খ) প্রকৌঃ মোঃ রায়হান আরেফিন, নির্বাহী প্রকৌশলী, টঙ্গী (পশ্চিম) বিওবি বিভাগ - সদস্য

গ) জনাব মুহম্মদ নাজেম উদ্দিন, ব্যবস্থাপক (এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স) - সদস্য

ঘ) জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন মোল্লা, সহঃ ব্যবস্থাপক (এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স) - সদস্য

৩। কার্যাদি সম্পাদনে কমিটি কর্তৃক গৃহিত পরিকল্পনাঃ

কমিটির সদস্যগণ আলোচ্য কার্যাদি সম্পাদনের লক্ষ্যে একটি কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্য বর্ণিত কমিটির আহ্বায়কের সভাপতিত্বে একটি আলোচনা সভায় মিলিত হয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক) প্রস্তাবিত জমির সকল দলিলাদি সংগ্রহ/ যাচাই করে মালিকানার ধারাবাহিকতা (Chain of Title) প্রস্তুতপূর্বক মালিকানাসত্ত্ব নির্ধারণ করা;

খ) জমিটি সরেজমিনে পরিদর্শন করা;

গ) সংগৃহীত দলিল, খতিয়ান, নকশা অনুযায়ী জমিটির সঠিক অবস্থান নির্ণয় করা;

.) দলিলাদির তফসিলের তথ্যমতে জমির সঠিক অবস্থান অনুযায়ী হস্তান্তরিত জমির বাস্তব দখল নিশ্চিত করা।

৪। **কমিটি কর্তৃক সম্পাদিত কার্যাদির বিবরণঃ**

কমিটি প্রস্তাবিত ৬৬.০০ শতাংশ বা ০২ (দুই) বিঘা জমির সকল দলিল, খতিয়ান, ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ ও মৌজা নকশা পর্যালোচনা করে সরেজমিনে জমিটি পরিদর্শন করে নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত হন।

ক) **মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ কর্তৃক সরবরাহকৃত ৬৬ শতাংশ জমির দলিলাদির ফটোকপি পর্যালোচনার সারসংক্ষেপঃ**

- মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ কামরুজ্জামান আম-মোক্তার দলিল নং-৯২১০, তারিখ ৩/৬/২০১৮ ও দলিল নং- ১৪৩৪, তারিখ ৮/২/২০১৭ মূলে (১৩.০০+০৭.০০) = ২০.০০ শতাংশ জমির মালিক এবং সরবারহকৃত দলিললাদির ফটোকপি অনুযায়ী **(ভূমি অফিসের তল্লাশী ব্যতিত)** মালিকানা সঠিক আছে। তবে ১৩ শতাংশ জমির আর.এস মৌজা নকশায় ৩৪০ এর স্থলে ৫৪০ নম্বর উল্লেখ করা আছে;
- দলিল নং- ৯৩৪৬, তারিখ- ৭/৬/২০১৭ মূলে ৭ শতাংশ জমির আমমোক্তার মোঃ সফিউদ্দিন খান এর তফসিলে আর.এস খতিয়ান নং ২১৪ এর স্থলে ২১০ লিপিবদ্ধ আছে। দলিল সংশোধন ব্যতিত জমিটি হস্তান্তরযোগ্য নয়। এছাড়া আমমোক্তার মোঃ সফিউদ্দিন খান ডেসকোকে জমি হস্তান্তর করবে মর্মে কোন সম্মতি পত্র নেই;
- ৯ শতাংশ জমির ওয়ারিশ অনেকে থাকায় জমিটি কিভাবে কে হস্তান্তর করবে তারও বিবরন নথিতে নেই;
- অবশিষ্ট ৩০.০০ শতাংশ জমি বাংলাদেশ সরকারের নামে এস এ ১ নং খতিয়ানে রেকর্ডভূক্ত;
- প্রস্তাবিত ৬৬ শতাংশ জমির মধ্যে এস.এ ১ নং খতিয়ানের ৩০ শতাংশ জমির অবস্থান ২০ শতাংশ ও ১৬ শতাংশ জমির মাঝে অবস্থিত অর্থ্যাৎ সরকারী খাস জমির পূর্ব পাশে ২০ শতাংশ ও পশ্চিম পাশে ১৬ শতাংশ জমির অবস্থান। এছাড়া সরকারী জমি লীজ গ্রহন সময়সাপেক্ষ ব্যাপার বিধায় প্রস্তাবিত জমি উপযোগী নয়।

খ) পরবর্তীতে কমিটি জনাব মোঃ কামরুজ্জামান সাহেবকে গ্রিড নির্মাণের জন্য উপযোগী ০২ (দুই) বিঘা নিষ্কন্টক জমি ডেসকো'র নিকট হস্তান্তরের জন্য অনুরোধ করলে তিনি আরো কয়েকটি জমি পরিদর্শনের জন্য কমিটিকে প্রস্তাব করেন এবং কমিটি প্রস্তাবিত জমিগুলো পরিদর্শন করে। পরিদর্শনকৃত জমিগুলোর মধ্যে কিছু জমি কমিটির নিকট পছন্দীয় হলেও জমির দলিলাদির সমস্যা থাকায় শেষ পর্যন্ত জমি হস্তান্তর করতে পারেনি।

গ) ইতোমধ্যে সূত্র (৮) ও (৯) মারফত সংশ্লিষ্ট গ্রীড উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ কে পত্র যোগে দুই বিঘা নিষ্কন্টক জমি ডেসকোকে হস্তান্তরের অনুরোধ জানানো হয়।

ঘ) এতদপ্রেক্ষিতে সংশ্লিষ্ট শিল্প এলাকায় বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে মোঃ কামরুজ্জামান সাহেব তার ব্যবসায়ীক অংশিদার জনাব শহীদ রেজা, ব্যবস্থাপনা পরিচালক, এম ও ওহাব এন্ড সন্স এর নিকট হতে ০২ (দুই) বিঘা নিষ্কন্টক জমি ডেসকোকে হস্তান্তরের জন্য জমির দলিলাদির ফটোকপিসহ গত -২৭/৬/২০২১ইং তারিখে পুনরায় ডেসকোতে পত্র প্রেরণ করেন। প্রস্তাবিত ৬৬.০০ শতাংশ বা ০২ (দুই) বিঘা জমির মধ্যে তার ব্যবসায়ীক অংশিদার জনাব শহীদ রেজা, ব্যবস্থাপনা পরিচালক, এম ও ওহাব এন্ড সন্স এর মালিকানাধীন জমি ২৫ (পঁচিশ) শতাংশ এবং অবশিষ্ট ৪১ (একচল্লিশ) শতাংশ জমি জনৈক মোমেলা খাতুন, স্বামী-মোশারফ হোসেন খান, সাং- মান্ডা, থানা-সবুজ বাগ, জেলা-ঢাকা এর নামে রেকর্ডকৃত।

## ৬৬.০০ শতাংশ বা ০২ (দুই) বিঘা জমির তফসিল পরিচিতিঃ

জেলা-গাজীপুর, থানা-টঙ্গী, মৌজা-দারাইল, জে.এল.নং-৩২, দাগ নং- সিএস.-১৯২.১৯৩.২০৩ ও ২০৪, আর.এস- ১২০ (৯ শতাংশ), ১২৫ (৪১ শতাংশ), ১২৬ (৬শতাংশ) ও ১২৭ (১০ শতাংশ)- মোট জমি- ৬৬ (ছিষট্টি) শতাংশ।

৫। ৬৬.০০ শতাংশ বা ০২ (দুই) বিঘা জমির সরেজমিনে পরিদর্শনঃ

- মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ কর্তৃক সর্বশেষ প্রস্তাবিত এবং দাখিলকৃত দলিলাদি অনুযায়ী জমিটি ডেসকো'র সংশ্লিষ্ট প্রকল্পের পরিচালকসহ অত্র কমিটির সদস্যগণ কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, জমিটির অবস্থান টঙ্গী (পশ্চিম) বিওবি বিভাগ হতে প্রায় ৬ কিঃমিঃ এবং কাকিল-সাতাইশ মৌজায় অবস্থিত ডেসকো'র ৩৩/১১ কেভি সাব-স্টেশন হতে প্রায় ৩ কিঃমিঃ পশ্চিম দিকে অবস্থিত;
- জমিটি আলোচ্য ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার সন্নিকটে অবস্থিত এবং জমির সম্মুখে একটি ১০ ফিট (প্রস্তাবিত ৩০ ফিট) রাস্তা বিদ্যমান। বর্তমান ১০ ফিট রাস্তাটি ৩০ ফিট করণের নিমিত্ত গৃহীত প্রকল্প Demarction সম্পন্ন হয়েছে মর্মে পরিদর্শনরত কর্মকর্তাগণকে প্রদর্শন করানো হয়।
- এমতাবস্থায়, প্রস্তাবিত জমিটিতে গ্রীড উপকেন্দ্র নির্মাণ এবং প্রকল্পের মালামাল পরিবহনে উপযুক্ত মর্মে ডেসকো'র প্রকল্প পরিচালকসহ কমিটির সদস্যবৃন্দের নিকট প্রতিয়মান হয়। পরবর্তীতে কমিটির অনুরোধে মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জায়গাটি ডেসকো'র নিকট হস্তান্তরের লক্ষ্যে সীমানা চিহ্নিত করে খুটি স্থাপন করে "ডেসকো'র ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্রের জন্য নির্ধারিত স্থান" উল্লেখ করে একটি সাইনবোর্ড স্থাপন করেন।

৫.১ ৬৬ শতাংশ জমির বাস্তব দখল গ্রহণঃ

- গত ১৮/৭/২০২১ তারিখে মায়ের দোয়া রিয়েল এস্টেট এন্ড কনস্ট্রাকশন লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ কামরুজ্জামান সাহেবের প্রস্তাবিত ৬৬ শতাংশ বা ২ (দুই) বিঘা জমির মধ্যে জনাব শহীদ রেজা, ব্যবস্থাপনা পরিচালক, এম ও ওহাব এন্ড সন্স এর নিকট হতে ২৫ (পঁচিশ) শতাংশ জমি এবং অবশিষ্ট ৪১ (একচল্লিশ) শতাংশ জমি মোমেলা খাতুনের পক্ষ্যে তাঁর ছেলে মোঃ মনির হোসেনের নিকট হতে কমিটি কর্তৃক বাস্তব দখল গ্রহণ করা হয় (দখলপত্র, সংশ্লিষ্টগণের এনআইডি কার্ডের কপি  ও জায়গার স্থির চিত্র সংযুক্ত)।

৬। কমিটির সুপারিশঃ

- জমিটিতে উপকেন্দ্র নির্মান কাজ শুরু করার পূর্বে দখল বজায় রাখার স্বার্থে জমিটির চারপাশে দখল অনুযায়ী কাঁটাতারের বেড়া/ সীমানা প্রাচীর নির্মাণ করা;
- হস্তান্তরিত ৬৬ শতাংশ বা ০২ বিঘা জমির মালিকানার বিষয়টি ডেসকো'র এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স শাখা কর্তৃক সংশ্লিষ্ট সকল ভূমি অফিসের বালাম বহি তল্লাশি পূর্বক অধিকতর নিশ্চিত **হয়ে** ডেসকো'র নামে বিনামূল্যে রেজিস্ট্রি করা যেতে পারে।

.। আলোচ্য প্রেক্ষাপটে ৬৬ শতাংশ বা ২ বিঘা জমির পূর্ণাঙ্গ প্রতিবেদন সদয় অনুমোদন ও পরবর্তী নির্দেশনা'র নিমিত্ত মহোদয়ের নিকট পেশ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ।

(মোহাম্মদ ফরহাদ হোসেন মোল্লা)
সহকারী ব্যবস্থাপক
(এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স)
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(মুহম্মদ নাজেম উদ্দিন)
ব্যবস্থাপক
(এ্যাস্টেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স)
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(প্রকৌঃ মোঃ রায়হান আরেফিন)
নির্বাহী প্রকৌশলী
টঙ্গী (পশ্চিম) বি ওবি বিভাগ
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
(পিএন্ডডি বিভাগ)
ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।

ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ
DHAKA ELECTRIC SUPPLY AUTHORITY

সচিবালয়
১নং আব্দুল গণি রোড, ঢাকা ১০০০
ফোন # ৯৫৫ ৬১৯৪

সূত্র নম্বর : ডেসা/সচি/দপ্ত-১০(৮)/২০০৩/৬৬৪

তারিখ : ০৮/৪/২০০৩ইং

## দপ্তরাদেশ

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নম্বর-বিজ্বাখস(বিদ্যুৎ)/প্র-২/বিবিধ-১/২০০৩/১৭৪, তারিখ-০৮/৪/২০০৩ইং-এর আলোকে আগামীকাল সকাল ১০ ঘটিকায় ডেসার নিম্নবর্ণিত বিভাগসমূহ ডেসকোকে মাঠ পর্যায়ে হস্তান্তর করতে হবে :

ক) বিক্রয় ও বিতরণ বিভাগ, উত্তরা।
খ) বিক্রয় ও বিতরণ বিভাগ, দক্ষিণখান।
গ) পরিচালন ও সংরক্ষণ বিভাগ, গুলশান।
ঘ) বাণিজ্যিক পরিচালন বিভাগ, গুলশান।
গ) পরিচালন ও সংরক্ষণ বিভাগ, বারিধারা।
ঘ) বাণিজ্যিক পরিচালন বিভাগ, বারিধারা।

এই হস্তান্তর যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায় সেই লক্ষে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি টাস্কফোর্স গঠন করা হলো :

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রীড সার্কেল, ডেসা- আহ্বায়ক।
২. নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, উত্তরা, ডেসা- সদস্য-সচিব।
৩. নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, দক্ষিণখান, ডেসা - সদস্য।
৪. নির্বাহী প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ বিভাগ, গুলশান, ডেসা - সদস্য।
৫. নির্বাহী প্রকৌশলী, বাণিজ্যিক পরিচালন বিভাগ, গুলশান, ডেসা - সদস্য।
৬. নির্বাহী প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ বিভাগ, বারিধারা, ডেসা - সদস্য।
৭. নির্বাহী প্রকৌশলী, বাণিজ্যিক পরিচালন বিভাগ, বারিধারা, ডেসা - সদস্য।

<u>উপরোক্ত টাস্কফোর্সের কার্যপরিধি নিম্নরূপ :</u>

১. হস্তান্তরকৃত বিভাগসমূহের আওতাধীন সকল ৩৩/১১ কেভি উপকেন্দ্র, ১১ কেভি সুইচিং স্টেশন এবং অভিযোগকেন্দ্রসমূহে রক্ষিত যন্ত্রপাতির তালিকা, কন্ট্রোল ড্রইং ও ম্যানুয়েল, ৩৩ কেভি, ১১ কেভি, নিম্ন ভোল্টেজের লাইন, অন্যান্য কারিগরী তথ্যাদির ম্যানুয়েল-এর তালিকা প্রস্তুতকরণ এবং হস্তান্তর।
২. হস্তান্তরকৃত বিভাগসমূহের আওতাধীন স্টোরে রক্ষিত মালামালের তালিকা প্রস্তুতকরণ এবং সংরক্ষণ।
৩. হস্তান্তরকৃত বিভাগসমূহের আওতাধীন ভিএইচএফ সংক্রান্ত যন্ত্রপাতির তালিকা প্রস্তুতকরণ এবং আপাততঃ ডেসকো কর্তৃক ব্যবহার নিশ্চিতকরণ।

৪. হস্তান্তরকৃত বিভাগসমূহের আওতাধীন বিভিন্ন বিদ্যুৎ ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালন/সংরক্ষণের জন্য প্রয়োজনে কারিগরী সহযোগিতাকরণ।

৫. আগামী ০৯/৪/২০০৩ইং তারিখ দুপুর ১২ ঘটিকায় সকল উপকেন্দ্র এবং ১১ কেভি সুইচিং স্টেশনে স্থাপিত আমদানী/রপ্তানীর এনার্জি মিটারের রিডিং ডেসা এবং ডেসকো কর্তৃক যৌথভাবে গ্রহণ এবং সংরক্ষণ।

৬. হস্তান্তরকৃত বিভাগসমূহের আওতাধীন নতুন সংযোগ প্রদান, লোড বৃদ্ধির আবেদন, মিটার পরিবর্তনের আবেদন ইত্যাদির তালিকা প্রস্তুতকরণ ও ডেসকোকে হস্তান্তরকরণ।

৭. হস্তান্তরকৃত বিভাগসমূহের আওতাধীন সকল গ্রাহকের তালিকা প্রস্তুতকরণ এবং ডেসকোকে হস্তান্তরকরণ।
উক্ত তালিকায় গ্রাহকের ঠিকানা, হিসাব নম্বর, মিটার নম্বর এবং মার্চ/০৩ইং মাসের শেষ রিডিং অন্তর্ভুক্ত থাকবে।

৮. হস্তান্তরকৃত বিভাগসমূহের আওতাধীন সকল গ্রাহকের গ্রাহকভিত্তিক মাসওয়ারি বকেয়ার তালিকা প্রস্তুতকরণ ও ডেসকোকে হস্তান্তরকরণ।

৯. হস্তান্তরকৃত বিভাগসমূহের গ্রাহকদের বিল ডেসা যাতে মার্চ/০৩ইং পর্যন্ত প্রস্তুত ও আদায় করতে পারে সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করবে।

নির্দেশক্রমে

(স্বাক্ষরিত) ৮.৪.০৩
(এ.কে.এম হেমায়েত উদ্দিন)
সচিব
(অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ

সূত্র নম্বর : ডেসা/সচি/দপ্ত-১০(৮)/২০০৩/৬৬৪

তারিখ : ০৮/৪/২০০৩ইং

**অনুলিপি : সদয় অবগতির জন্য**

১. সদস্য (অর্থ/প্রকৌশল ও বাণিজ্যিক/প্রশাসন), ডেসা।
২. মহাব্যবস্থাপক, গ্রাহকসেবা (উত্তর/দক্ষিণ), ডেসা।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও নকসা, ডেসা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রাহকসেবা সার্কেল, গুলশান, ডেসা।
৫. কমিটির আহ্বায়ক/সদস্য জনাব ................................................................।
৬. নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ/পওস বিভাগ/বা/প বিভাগ, ................................., ডেসা।
৭. পিএস টু চেয়ারম্যান, ডেসা।
৮. অফিস কপি/মাস্টার কপি।

(স্বাক্ষরিত) ৮/৪/০৩
(মোঃ শামীমুল হক)
সহকারী পরিচালক (প্রশাসন)
সচিবালয়, ডেসা

# Deed of Agreement
# on
# Handing over and Taking over of Gulshan Circle from DESA to DESCO

In pursuance of the office order under memo no. বিজ্ঞাখস/সহঃপ্রঃ-৩(বিঃ)/বৈঃঅঃ-১৬/২০০২/৪১৯ তাং ২৪/১২/২০০২ইং and বিজ্ঞাখস/সহঃপ্রঃ-৩(বিঃ)/বৈঃঅঃ-১৬/২০০২/৪২৮ তাং ৩১/১২/২০০২ইং of the MEMR, we, the undersigned on behalf of DESA and DESCO do hereby sign this DEED OF AGREEMENT made on this the 9th day of January, 2003 in regards to the handover & takeover of all the assets and liabilities pertaining to the operation & maintenance divisions and commercial operation divisions of the Gulshan Circle, DESA as of 09/03/1992 (Gulshan, Baridhara, Banani & Uttara) as well as substations, switching stations including the lands on which these are situated and lines with consumer data and records with transfer of its ownership under the following stipulations:

1. As per the decision of the govt., the following commercial, operation & maintenance, distribution & sales divisions are hereby handed over on 09/01/2003 by DESA to DESCO :

   1.1 Gulshan Commercial Operation Division
   1.2 Gulshan Operation & Maintenance Division
   1.3 Baridhara Commercial Operation Division
   1.4 Baridhara Operation & Maintenance Division
   1.5 Uttara Sales & Distribution Division
   1.6 Dakhinkhan Sales & Distribution Division.

2. Both DESA and DESCO will jointly take the Import Reading on 09/01/2003 at 24:00 hours. In this respect, Engr. Md. Fakrullah Kayes, Executive Engineer, DESA and Mr. Shariful Islam, Assistant Manager, DESCO on behalf of their respective organizations will jointly take the meter reading at the import point of Uttara and Dakhinkhan sales & distribution division. While, Mr. Kazi Nurul Islam, Executive Engineer, DESA and Mr. Shamim Ahsan Chowdhury, Assistant Manager, DESCO on behalf of their respective organizations will jointly take the meter reading at the import point of Gulshan and Baridhara divisions;

3. The consumer billing for the consumption up to 9th January, 2003 will be done by DESA as usual;

4. DESA will provide to DESCO a list of existing consumers relating to the above area showing name, address, account number, meter number, connected load, tariff category, walking order etc. by 15/01/2003. DESA will also submit a list pertaining to new connections, number of applications for load extension, Disconnection of default consumers, Meter change along with the category wise consumer list mentioning outstanding amount against each (if any) etc. to the concerned department of DESCO as early as possible;

5. DESCO will take service from DESA's Computer Center for the preparation of consumer billing and ledgers as available. The rate for the services in this regard will later on be settled upon discussion between DESA and DESCO;

6. DESCO will supply the Pre-printed Bill Forms to the computer section of DESA by 30/01/2003;

7. DESA will furnish to DESCO the meter reading books of the handed over areas along with the list(s) by 30/01/2003;

8. Immediately upon handing over of the aforesaid areas, DESA will vacate at least a room on temporary basis at each of its commercial operation divisions office for use of the DESCO's deployed personnel to facilitate smooth handing over and taking over of the activities;

Contd............P/2

9. The 33 KV in feed lines for the 33/11 KV Substations and associated Switching stations including associated equipment in the distribution network are hereby handed over as it is by DESA to DESCO on January 09, 2003. DESA will furnish to DESCO the list of equipment of the substations/switching stations, control drawings and manual(s), 33KV, 11KV and low voltage lines and other technical manuals as early as possible;

10. Regarding transfer of the ownership of assets like land and office buildings, both the parties will subsequently decide on the matter;

11. Regarding long term and other liabilities on investment in the areas transferred to DESCO, the parties will decide mutually and seek approval from the Government.

IN WITNESS THEREOF, the parties hereto have signed this Agreement in their respective names as of the day, month and year written above.

This presents contains a total of 2 pages.

09-01-2003

For and on behalf of DESA

চেয়ারম্যান,
ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ
ঢাকা

09/01/2003

For and on behalf of DESCO

**Saleh Ahmed**
**Managing Director**
**Dhaka Electric Supply Company Ltd.(DESCO)**

Witness :

1. Abu Bakar Siddique
Member (Admn.)
DESA

2. 9/1
Md. Abdul Mannan
Member. Engr. & Com
DESA

Witness :

1. 9/1/03
(Md. Monzur Rahman)
Director (Technical), DESCO.

2. 9/1/03
(Md. Showkat Hossain)
Director (Finance), DESCO.

**HANDING OVER AND TAKING OVER OF SUB-STATIONS, DISTRIBUTION NETWORK, OPERATION AND MAINTANANCE ACTIVITIES UNDER OPERATION AND MAINTENANCE DIVISION AND COMMERCIAL OPERATION OF GULSHAN, BARIDHARA & SALES AND DISTRIBUTION OF UTTARA AND DAKSHIN KHAN DIVISION BY DESA TO DESCO ON 09/04/2003.**

In the light of the order of the Government issued under memo no.বিজ্বাখস (বিদ্যুত)/প্র-২/বিবিধ-১/২০০৩/১৭৪ তাং ৮/৪/২০০৩ এবং ডেসার সূত্র নংঃ ডেসা/ সচি/ দপ্ত-১০(৮)/ ২০০৩/৬৬৪ তাং ৮/৪/২০০৩, we the undersigned do hereby handover and take over the responsibilities of Operation & Maintenance and Commercial Operation Division of Gulshan, Baridhara and Sales & Distribution of Uttara and Dakshin Khan, DESA. It includes the transfer of ownership of the Distribution Installation including all equipment and facilities, as per attached inventory list prepared jointly and duly signed by the representative of DESA & DESCO on April 09, 2003.

**FOR AND ON BEHALF OF DESA**

9/4/03

1. **Engr. Fakhrullah Kais,**
   **XEN S & D, Uttara, Member Secretary.**

9/8/03

2. **Md. Nuru Mia,**
   **XEN, S & D, Dakhin Khan**

9/8/03

3. **Engr. Amanul Hoque,**
   **XEN O&M, Gulshan,**

9.4.03

4. **Engr. Sanaul Haque,**
   **XEN Commercial Operation, Gulshan.**

9/8/03

5. **Engr. M. Nurul Islam,**
   **XEN O & M, Baridhara**

6. **Engr. Humayun Kabir,**
   **XEN Commercial Operation, Baridhara.**

**FOR AND ON BEHALF OF DESCO**

09·04·03.

1. **Engr. M. Shahjahan Mia**
   **Manager System Operation**

09.04.03.

2. **Engr. F.M. Faridul Hoque**
   **Manager Commercial Operation**

9/4/03

3. **M. Shafiqul Islam Chowdhury**
   **Manager Administration**

09/04/03

4. **Engr. A.K.M. Mostafa Kamal**
   **Manager**

9/8/03

5. **Engr. Noor Mohammad**
   **Manager**

9/8/2003

6. **S.M. Habibur Rahman**
   **Manager**

7/8/03

**Engr. Seraj Uddullah**
**S.E Grid Circle, Convener**